

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
পার-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

সংশোধিত বিজ্ঞপ্তি

নং-৪৫.১৪৩.০১১.০১.০০.০০২.২০১৯-৭১২


তারিখঃ ২৭.১১.২০১৯খ্রিঃ

আগামী ০৮ ডিসেম্বর ২০১৯খ্রি. রোববার বসুন্ধরা আন্তর্জাতিক কনভেনশন সেন্টার, ঢাকায় (কুড়িল বিশ্বরোডের তিনশ ফিট সড়কের পূর্বাচল হাইওয়ে এক্সপ্রেসের পাশে) নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ৩৯তম বিশেষ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসক কর্মকর্তাদের চাকুরীতে যোগদান এবং তাঁদের উদ্দেশ্যে ওরিয়েন্টেশন অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীসহ সংশ্লিষ্ট গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন।

এতদসঙ্গে সংযুক্ত যোগদানপত্রের ফরমেট পূরণপূর্বক উক্ত অনুষ্ঠানসমূহে উপস্থিত থাকার জন্য নিয়োগপ্রাপ্ত চিকিৎসকবৃন্দকে অনুরোধ করা হলো।

সূচীঃ

- ১। সকাল ৭.৩০-৯.৩০টা পর্যন্ত যোগদানপত্র দাখিল।
- ২। সকাল ১০.০০টায় ওরিয়েন্টেশন প্রোগ্রামে আসন গ্রহণ।
- ৩। সকাল ১০.৩০টায় ওরিয়েন্টেশন প্রোগ্রাম শুরু।


(শারমিন আক্তার জাহান)
উপসচিব (পার-২)
ফোনঃ ৯৫৪০৪৪৮
per2@hsd.gov.bd

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তঁাকে মন্ত্রণালয়ের ওয়েব সাইটের হোম পেজে বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তঁাকে মন্ত্রণালয়ের ওয়েব সাইটের হোম পেজে বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। অতিরিক্ত সচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বর্ণিত প্রজ্ঞাপনে উল্লিখিত চিকিৎসক কর্মকর্তাগণ।

৩৯তম (বিশেষ) বিসিএস (স্বাস্থ্য) এর সহকারী সার্জন/সহকারী ডেন্টাল সার্জন পদে যোগদান পত্রের নমুনা

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ সহকারী সার্জন/সহকারী ডেন্টাল সার্জন পদে যোগদান।

মহোদয়,

যথাযথ সম্মানপূর্বক নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী জনপ্রশাসন মন্ত্রণালয়ের নবনিয়োগ অধিশাখার ০৫.০০.০০০০.১৪৭.৩৯.০১০.১৯-৪৮২, তারিখ-১৮ নভেম্বর, ২০১৯খ্রিঃ নং প্রজ্ঞাপন অনুযায়ী বিসিএস স্বাস্থ্য ক্যাডারের সহকারী সার্জন/সহকারী ডেন্টাল সার্জন পদে অদ্য ০৮/১২/২০১৯ খ্রিঃ তারিখ পূর্বাঙ্কে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগে যোগদান করলাম।

আমার যোগদানপত্র গ্রহণ করার জন্য বিনীত অনুরোধ করছি।

(স্বাক্ষর)

নামঃ
রেজিং নং-
মেধাক্রম-
উপজেলা-
জেলা-